



পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

জনসংযোগ ও প্রকাশনা দপ্তর

ফোন : ০৭৩১-৬৪৯৮১
ফ্যাক্স : ০৭৩১-৬৫১৩৪

তারিখ: ১৪.১২.২০২৪

প্রেস রিলিজ

পাবিপ্রবিতে শহীদ বুদ্ধিজীবী দিবস পালন

পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে আজ শনিবার (১৪ ডিসেম্বর) শহীদ বুদ্ধিজীবী দিবস পালন করা হয়েছে। সকাল সাড়ে ৯টায় বিশ্ববিদ্যালয়ের প্রশাসন ভবনের সামনে থেকে শিক্ষক, শিক্ষার্থী, কর্মকর্তা ও কর্মচারীদের নিয়ে এক র্যালি বের করা হয়। র্যালি ক্যাম্পাস প্রদক্ষিণ শেষে স্বাধীনতা চত্বরে গিয়ে শেষ হয়।

র্যালি শেষে স্বাধীনতা চত্বরে শহীদদের প্রতি শ্রদ্ধাঞ্জলি অর্পণ করা হয়। বিশ্ববিদ্যালয় প্রশাসনের পক্ষে শ্রদ্ধাঞ্জলি অর্পণ করেন ডিনবন্দ ও রেজিস্ট্রার বিজন কুমার ব্রহ্ম। এরপর ডিনদের পক্ষ থেকে শ্রদ্ধাঞ্জাপন করেন ব্যবসায় শিক্ষা অনুষদের ডিন অধ্যাপক ড. মো. আমিরুল ইসলাম, বিজ্ঞান অনুষদের ডিন অধ্যাপক ড. মো. ফজলুল হক, প্রকৌশল ও প্রযুক্তি অনুষদের ডিন অধ্যাপক ড. শেখ রাসেল আল আহমেদ এবং মানবিক ও সামাজিক বিজ্ঞান অনুষদের ডিন অধ্যাপক ড. মীর খালেদ ইকবাল চৌধুরী।

আরও শ্রদ্ধা জ্ঞাপন করে ইইসিই, ইইই, গণিত, বিবিএ, ভূগোল ও পরিবেশ, ইইই, বাংলা, ফার্মেসি, রসায়ন, নগর ও অঞ্চল পরিকল্পনা, ইতিহাস, ট্যুরিজম অ্যান্ড হসপিটালিটি ম্যানেজমেন্ট বিভাগ, পরিবহণ পুল, হলসমূহ, বিভিন্ন সামাজিক ও সাংস্কৃতিক সংগঠন।

অনুষ্ঠানে উপস্থিত ছিলেন প্রক্টর অধ্যাপক ড. কামরুজ্জামান খান এবং ছাত্র পরামর্শ ও নির্দেশনা দপ্তরের পরিচালক ড. মো. রাশেদুল হক। আরও উপস্থিত ছিলেন শিক্ষক, শিক্ষার্থী, কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ। শ্রদ্ধাঞ্জলি শেষে শহীদদের জন্য দোয়া করা হয়। বাদ যোহর কেন্দ্রীয় মসজিদে দোয়া ও মোনাজাতের আয়োজন করা হয়েছে। অনুষ্ঠান সঞ্চালনা করেন ইইসিই বিভাগের সহকারী অধ্যাপক ফাতিন ইশরাক।

(মো. বাবুল হোসেন)

সহকারী পরিচালক

জনসংযোগ ও প্রকাশনা দপ্তর

পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়।